

১৭/৫/২০২৬

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০৪.২০(অংশ-১)-৯১

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩
০২ জুন ২০২৬

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি) - এর আওতাভুক্ত “এডুকেশনাল এক্সিলেন্স সার্পোর্ট স্কিম (EESS)” (পূর্বনাম: “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিম”-এর আয়োজনে “Startup, Science Project and Innovation Idea Showcasing”- প্রোগ্রাম আয়োজনে প্রেরিত নির্দেশনার সংশোধন ও অধিকতর স্পষ্টীকরণ।

সূত্র: (১) ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০৪.২০(অংশ-১)-৮১; তারিখ: ২০ মে ২০২৬ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও মাঠপর্যায়ের USEO, DEO, আঞ্চলিক কর্মকর্তাদের অংশগ্রহণে আয়োজিত সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে শিক্ষার্থীদের “সৃজনশীলতা ও বিশ্লেষণধর্মী চিন্তা সৃষ্টিতে গুরুত্বারোপ” এবং “সুশিক্ষায় মেধাবী শিক্ষক” কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)-এর আওতাভুক্ত “এডুকেশনাল এক্সিলেন্স সার্পোর্ট স্কিম (EESS)” (পূর্বনাম: “পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (পিবিজিএসআই) স্কিম”)-এর মাধ্যমে “উদ্ভাবনী মেধাবী শিক্ষার্থী পুরস্কার” এবং “সুশিক্ষায় মেধাবী শিক্ষক পুরস্কার” প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে উপজেলা/থানা পর্যায়ে এবং পরবর্তীতে জেলা পর্যায়ে “Startup, Science Project and Innovation Idea Showcasing” প্রোগ্রাম আয়োজন করে শিক্ষার্থী ও শিক্ষক নির্বাচন করা হবে। উপজেলা ও জেলা পর্যায়ের বাছাইয়ের পর নির্বাচিত দলসমূহকে নিয়ে জাতীয় পর্যায়ে “Startup, Science Project and Innovation Idea Showcasing” শীর্ষক প্রোগ্রাম আয়োজন করা হবে যেখানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থেকে বিজয়ীদের পুরস্কার প্রদান করবেন বলে আশা করা যাচ্ছে। ইতোমধ্যে এ বিষয়ে মাঠ পর্যায়ে দিক নির্দেশনা দিয়ে সূত্রোক্ত স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত প্রোগ্রামের প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে গত ২৩ মে ২০২৬ খ্রি. তারিখে শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও মাঠপর্যায়ের কর্মকর্তাদের সমন্বয়ে একটি অনলাইন সভার আয়োজন করা হয়। উক্ত সভায় মাঠপর্যায়ের কর্মকর্তাদের সুপারিশ অনুযায়ী গত ২০ মে ২০২৬ খ্রি. তারিখে প্রেরিত ৩৭.০০.০০০০.০০০.০৮১.৩৬.০০০৪.২০(অংশ-১)-৮১ নম্বর স্মারকের পত্র নির্দেশক্রমে সংশোধন ও অধিকতর স্পষ্টীকরণ করা হলো।

সংযুক্তি:

- শিক্ষার্থী ও শিক্ষক নির্বাচন এবং জাতীয় পর্যায়ে অনুষ্ঠান আয়োজনের ধাপসমূহ (সংযুক্তি-১, সংশোধিত);
- “Startup, Science Project and Innovation Idea” সংক্রান্ত ধারণাপত্র (সংযুক্তি-২);
- উপজেলা, জেলা ও মহানগরীর শিক্ষা থানা পর্যায়ের নির্বাচন কমিটি (সংযুক্তি-৩, সংশোধিত);
- নির্বাচিত শিক্ষার্থী ও শিক্ষক তালিকা ছক (সংযুক্তি-৪, সংশোধিত);
- জাতীয় প্রোগ্রামে অংশগ্রহণের জন্য USEO এবং DEO-দের তথ্যাদি সমন্বিত ছক (সংযুক্তি-৫, সংশোধিত);
- উপজেলা, শিক্ষা থানা ও জেলা পর্যায়ের অনুষ্ঠান আয়োজনের ব্যয়বিবরণী (সংযুক্তি-৬, সংশোধিত)।

(জাবের মোঃ সোয়াইব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ২২৩৩৮৪৫৫২

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পাবত্য জেলা

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী, এডুকেশনাল এক্সিলেন্স সার্পোর্ট স্কিম (EESS) ব্যবস্থাপনায় উপজেলা, জেলা পর্যায়ে এবং পরবর্তীতে জাতীয় পর্যায়ে Startup, Science Project and Innovation Idea Showcasing শীর্ষক প্রোগ্রাম আয়োজনের মাধ্যমে উদ্ভাবনী মেধাবী শিক্ষার্থী নির্বাচন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থেকে বিজয়ীদের পুরস্কার প্রদান করা হবে। উক্ত প্রোগ্রামে একাদশ-দ্বাদশ শ্রেণির অগ্রহী শিক্ষার্থীকে আগামী ০৯/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জনাব আকরাম হোসেন, সহকারী অধ্যাপক (রসায়ন) এর নিকট যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া গেল।

বিতরণ:

- ১। বিভাগীয় প্রধান, রসায়ন বিভাগ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৩। সংরক্ষণ নথি।